



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

21 MAY 2024

7:35—7:40 PM

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ে দেশের ৬ টি রাজ্য ও দুটি কেন্দ্র শাসিত অঞ্চলের ৪৯ টি আসনে গতকাল রাত সাতটা ৪৫ মিনিট পর্যন্ত পাওয়া শেষ খবর অনুযায়ী ৫৭ দশমিক ৪-৭ শতাংশ ভোট পড়েছে। উল্লেখ্য পঞ্চম পর্যায়ে উত্তর প্রদেশের ১৪টি আসনে ৫৭ দশমিক ৭-৯ শতাংশ, মহারাষ্ট্রের ১৩টি আসনে ৪৮ দশমিক ৮-৮ শতাংশ, পশ্চিমবঙ্গের ৭টি আসনে ৭৩ শতাংশ, ঝাড়খন্ডের ৩টি আসনে ৬৩ শতাংশ, বিহারের ৫টি আসনে ৫২ দশমিক ৬-০ শতাংশ এবং ওড়িশ্যার ৫টি আসনে ৬০ দশমিক ৭-২ শতাংশ ভোট পড়েছে। এছাড়া কেন্দ্র শাসিত অঞ্চল জম্মু-কাশ্মীরের একটি আসনে ৫২ দশমিক ৬-০ শতাংশ ও লাদাখের ১টি আসনে ৬৭ দশমিক ১-৫ শতাংশ ভোট পড়েছে। পঞ্চম পর্যায়ে গতকাল ৬শো ৯৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন হয়েছে। পঞ্চম পর্যায়ে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন ভারতীয় জনতা পার্টির রাজনাথ সিং, স্মৃতি ইরানী, পিযুষ গোয়েল, কংগ্রেসের রাহুল গান্ধী, কে এল শর্মা, নেশন্যাল কনফারেন্সের ওমর আব্দুল্লা এবং লোক জনশক্তি পার্টির চিরাগ পাশোয়ান।

কেন্দ্রীয় সরকার আজ জাতীয় শোক দিবস ঘোষণা করেছে। হেলিকপ্টার দুর্ঘটনার ফলে মৃত্যু হওয়া ইরানের রাষ্ট্রপতি ড.সৈয়দ ইব্রাহিম রাইসি এবং বিদেশ মন্ত্রী হোসেন আমির আব্দুল্লাহিয়ানের প্রতি সম্মান জানাতে কেন্দ্রীয় সরকার আজ জাতীয় শোক দিবস ঘোষণা করেছে। এই সময়ে সমগ্র দেশে জাতীয় পতাকা অর্তনমিত থাকবে। এদিকে ইরানের রাষ্ট্রপতি ড.সৈয়দ ইব্রাহিম রাইসি এবং বিদেশ মন্ত্রী হোসেইন আমির আব্দুল্লাহিয়ানের বিমান

দূর্ঘটনায় মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে ভারত-ইরানের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার ক্ষেত্রে তাঁদের অবদান সর্বদা স্মরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী এই দুঃখের সময়ে ইরানের সঙ্গে ভারত সমব্যাখী বলে মন্তব্য করেন।

---

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে একাদশ শ্রেণীতে নাম ভর্তির জন্য নির্বাচিত ছাত্র ছাত্রীদের তালিকা গতকাল দর্পণ পোর্টালে প্রকাশ করা হয়েছে। ছাত্র ছাত্রীরা দর্পণ পোর্টালে লগ ইন করে নাম ভর্তির জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান তথা নির্ধারিত শাখার তথ্য লাভ করতে পারবে। এদিকে এই পোর্টালে আগামী ২৭ থেকে ৩০ মের মধ্যে নামভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। শিক্ষা পরিষদের অধীনে এবার একাদশ শ্রেণীতে নাম ভর্তির জন্য দর্পণ পোর্টালের মাধ্যমে এপর্যন্ত তিন লক্ষ ১৬ হাজার ছাত্র ছাত্রী আবেদন করেছে। শিক্ষা পরিষদের গৃহীত সিদ্ধান্ত অনুসারে দর্পণ পোর্টালের মাধ্যমে নাম ভর্তি করা ছাত্র ছাত্রীদের পরবর্তী পর্যায়ে একাদশ শ্রেণীর পঞ্জীয়নের অধীনে রাখা হবে এবং আগামী পরীক্ষাগুলিতে অবতীর্ণ হবার জন্য যোগ্য হিসেবে বিবেচনা করা হবে বলে আসাম মাধ্যমিক শিক্ষা পরিষদের পক্ষ থেকে জানানো হয়েছে।

---

এদিকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের উত্তর পত্র পুনরনীক্ষণের জন্য পরীক্ষার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন জানাতে পারবে বলে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। বিজ্ঞপ্তি অনুসারে উত্তরপত্র পুনরনীক্ষণের জন্য ইচ্ছুক পরীক্ষার্থীরা আগামী ২২ শে মে বিকেল ৫ টা পর্যন্ত [ahsec.assam.gov.in](http://ahsec.assam.gov.in) এ অনলাইনে আবেদন করতে পারবে। এরজন্য পরীক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে মাশুল জমা করতে হবে।

---

বরাক উপত্যকার তিন জেলা- কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দির ছাত্র-ছাত্রীদের সি ইউ ই টি অর্থাৎ- কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষার স্নাতক স্তরে ভর্তির জন্য আগামী ২৪ শে মে অনুষ্টেয় বাংলা ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের পরীক্ষার জন্য আগরতলা, শিলং এবং গৌহাটিতে পরীক্ষা কেন্দ্র দেওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু ঐসব ছাত্র-ছাত্রীদের যাতায়াতের অসুবিধা দূর করতে এই দুটি বিষয়ের জন্য শিলচরে পরীক্ষা কেন্দ্র স্থাপনের অনুরোধ জানিয়ে ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এন টি এ'র সঞ্চালকের

কাছে পত্র পাঠিয়েছেন । রাজ্যের উচ্চশিক্ষা বিভাগের যুগ্ম সচিব নারায়ণ কুমার পাঠকের মাধ্যমে পাঠানো এই পত্রে বরাক উপত্যকার তিন জেলার ছাত্র-ছাত্রীরা সি ইউ ই টি স্নাতক স্তরের বাকি সব পরীক্ষা বরাকের একটি মাত্র শহর শিলচরের পরীক্ষা কেন্দ্রগুলিতে দিয়েছে বলে উল্লেখ করে পরীক্ষার্থীদের দূরত্ব এবং অন্যান্য আনুষঙ্গিক সমস্যা নিরসন করতে বাংলা এবং পরিবেশ বিজ্ঞান- এই দুটি পরীক্ষাও শিলচরে আয়োজন করার অনুরোধ জানানো হয়েছে ।

---

কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বার্ষিকী উদযাপন সমিতির উদ্যোগে আজ শিলচর গোপালগঞ্জের হিউম্যানিটি ফাউন্ডেশন কার্যালয়ে চলতি বছরের ২৫শে মে থেকে আগামী বছরের ২৫শে মে পর্যন্ত কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বার্ষিকী উদযাপন সম্পর্কিত একটি সভা অনুষ্ঠিত হয়েছে । হিউম্যানিটি ফাউন্ডেশনের সভাপতি সিহাব উদ্দিন আহমেদের পৌরহিত্যে আয়োজিত সভায় কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বর্ষ উদযাপনের প্রয়োজনীয়তা ও রূপরেখা তৈরী নিয়ে আবিদ রাজা মজুমদার , সুব্রত চন্দ্র নাথ , অজয় রায় , হিল্লোল ভট্টাচার্য্য প্রমূখ আলোচনা করেন । সভার সিদ্ধান্ত অনুসারে আগামী ২৫শে মে সকাল ৮টায় শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে একটি শোভাযাত্রা বের হয়ে নজরুল ইসলামের মূর্তির পাদদেশে এসে শেষ হবে । পরে সেদিন সন্ধ্যায় একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রের কারিগরী বিভাগের কর্মী রূপক ভট্টাচার্য্য আজ বিকেল সাড়ে তিনটায় গৌহাটীর একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৯ । শ্রী ভট্টাচার্য্য ১৯৯১ সালে শিলচর দূরদর্শন কেন্দ্রে কর্মজীবন শুরু করেন । রূপক ভট্টাচার্য্যের মৃত্যুতে আকাশবাণী শিলচর কেন্দ্রের আধিকারিক ও কর্মচারীদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---

---